

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ১৪৮-আইন/২০১৩/২৪৩৫/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্ৰ বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তাৰিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৬৩-আইন/২০১২/২৩৯১/কাস্টমস, রহিত কৰিয়া, উক্ত Act এর FIRST SCHEME এর কলাম (1) এর Heading 87.03 ও 87.04 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট H.S. Code এর আওতাধীন নতুন মোটৱ গাড়ি, ডাবল কেবিন পিক-আপ ও যানবাহনের কাস্টমস ডিউটি আদায়কলে ন্যূনতম মূল্য (minimum value) নির্ধারণের জন্য নিম্নরূপ শর্ত আৱোপ কৰিল, যথাঃ

শর্ত

- (১) শুক্রায়নকালে গাড়ি প্রস্তুতকাৰক প্রতিষ্ঠান কৰ্তৃক আমদানিকাৰক বৰাবৰ সৱাসৱি ইস্যুকৃত ইন্ভয়েস (Manufacturer's invoice) দাখিল কৰিতে হইবে; বা

- (২) গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি ইন্ভয়েস ইস্যু করা না হইলে উক্ত গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক ইন্ভয়েসে উল্লিখিত মূল্য যথাযথ মর্মে প্রত্যায়িত ইন্ভয়েস দাখিল করিতে হইবে; বা
- (৩) দফা (১) ও (২) এর বিধান অনুযায়ী ইন্ভয়েস দাখিল করা না হইলে-
- (ক) কুটোনিতিক, দূতাবাস, বিশেষ সুবিধাতোগী ব্যাকি বা প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত একই ব্র্যান্ড, মডেল ও ক্যাপাসিটির গাড়ির ঘোষিত মূল্যকে শুল্কায়নের ভিত্তিমূল্য হিসাবে গ্রহণ করা যাইবে; অথবা
- (খ) জাপানে প্রস্তুতকৃত একই ব্র্যান্ড, মডেল ও ক্যাপাসিটির গাড়ির ক্ষেত্রে Yellow Book -এ উন্নত সকল কোড মডেলের গড় মূল্য শুল্কায়নের জন্য গ্রহণ করা যাইবে, এবং জাপান ব্যৱৃত্তি অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, হালনাগাদকৃত Glass's Guide, Magazine Automobiles বা আসৰ্জনাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকশিত সকল কোড মডেলের গড় মূল্য শুল্কায়নের জন্য গ্রহণ করা যাইবে; অথবা
- (গ) The Customs Act, 1969 এর section 81 অনুযায়ী আমদানিকারক কর্তৃক ঘোষিত মূল্যের উপর যথাযথভাবে মূল্য চড়াও ন্যূনতম ২০ (বিশ) শতাংশ করে সাময়িক শুল্কায়ন করা যাইবে এবং পরবর্তীতে Post clearance Audit/ Investigation করিয়া প্রস্তুতকারক বা অন্যান্য উৎস হইতে তথ্য সংগ্রহ করিয়া মূল্য যাচাইপূর্বক শুল্কায়ন চূড়ান্ত করিতে হইবে; এবং
- (৮) একই উৎস দেশে তৈরী একই ব্র্যান্ড, মডেল ও সিলিন্ডার ক্যাপাসিটি (সিসি) এর নৃতন গাড়ির মূল্য উক্তরূপ একই ব্র্যান্ড, মডেল এবং সিলিন্ডার ক্যাপাসিটি (সিসি) এর ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত গাড়ি অপেক্ষা কোনক্রমেই কম হইতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ গোলাম হোসেন)
সচিব।